অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ক্রেডিট কার্ড সারচার্জ প্রকাশকে স্পষ্ট করার নতুন আইন 11 ফেব্রুয়ারি, রবিবার থেকে কার্যকর হবে বলে ঘোষণা করলেন

আরো উত্তম ভোক্তা সুরক্ষা এবং আরো স্বচ্ছতার জন্য গভর্নর হোকল 2023 সালের ডিসেম্বরে এটিকে আইন হিসেবে স্বাক্ষর করেন

একটি ক্রেডিট কার্ড সারচার্জ সংযোজন করা ব্যবসায়িক লেনদেনের সময় অবশ্যই সারচার্জসহ লেনদেনের মোট মূল্য বিক্রির পূর্বেই প্রকাশ করতে হবে

ব্যবসাসমূহকে সহায়তা করার জন্য, ডিপার্টমেন্ট অফ স্টেট একটি ক্রেডিট কার্ড সারচার্জ গাইড এবং ভিডিও তৈরি করেছে যা ব্যবসাসমূহকে আইনটি মান্য করতে সাহায্য করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 11 ফেব্রুয়ারি, 2024 তারিখ থেকে একটি নতুন ভোক্তা সুরক্ষা আইন কার্যকর হবে। নতুন আইনটি নিউ ইয়র্কের বিদ্যমান ক্রেডিট কার্ড সারচার্জ আইনকে সংশোধন ও স্পষ্ট করবে। নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা বিভাগটি বাজারের ক্ষতিগ্রস্ত ভোক্তাদের সহায়তা করবে এবং নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এবং স্থানীয় সরকারগুলির কাছে ক্রেডিট কার্ড সারচার্জ আইন প্রয়োগ করার কর্তৃত্ব থাকবে। আরো তথ্যের জন্য আগ্রহী স্থানীয়দেরকে DCP এর ক্রেডিট কার্ড সারচার্জ আইনি সংশোধন চিঠি পর্যালোচনা করার নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগে সুপারিশ করছে।

"নিউ ইয়র্কবাসীদের কখনোই লুকানো ক্রেডিট কার্ড ব্যয়ের সমস্যার পড়তে হওয়া উচিত না, এবং নতুন আইনটি নিশ্চিত করবে যাতে ব্যক্তিরা তাদের ক্রয়ের উপর আস্থা রাখতে পারে এবং সারচার্জ দেখে অবাক না হয়," **গভর্নর হোকল বলেন।** "ব্যবসা এবং সম্প্রদায়ের মধ্যে আস্থা গঠন করার জন্য স্বচ্ছতা অতি গুরুত্বপূর্ণ এবং এখন খরিদ্দারদের কাছে যথাযথভাবে বাজেট করার ক্ষমতা থাকবে।"

13 ডিসেম্বর, 2023 তারিখে গভর্নর হোকলের স্বাক্ষর করা এই আইনটি যেভাবে ভোক্তাদের জন্য আরো উত্তম স্বচ্ছতা এবং সুরক্ষা প্রদান করে তা হলো:

- ক্রেডিট কার্ড কোম্পানি ব্যবসাসমূহ থেকে যেই পরিমাণ গ্রহণ করবে, ক্রেডিট কার্ড সারচার্জকে সেই পরিমাণে সীমিত করা; এবং
- ব্যবসাসমূহের জন্য চেকআউট করার পূর্বেই যা জানানো আবশ্যিক হবে:
  -ক্রেডিট কার্ড সারচার্জসহ একটি বস্তু বা পরিষেবার মোট মূল্য; বা
  -একটি দুই স্তরের মূল্য বিকলকপি, যেখানে নগদ মূল্যের পাশাপাশি ক্রেডিট কার্ড মূল্য প্রকাশ করা আবশ্যিক হবে।

নিউ ইয়র্ক স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন, "রেজিস্টারে পৌঁছানোর পূর্বেই সকল সারচার্জসহ ক্রয়ের মোট মূল্য জানার অধিকার ক্রেডিট কার্ড ব্যবহারকারী নিউ ইয়র্কবাসীদের আছে। গভর্নর হোকলের স্বাক্ষর করা নতুন আইনটি ক্রেডিট কার্ড ব্যবহার করার ক্ষেত্রে সারচার্জ সম্পর্কে ভোক্তা ও ব্যবসার মালিক উভয়কে স্পষ্টতা ও স্বচ্ছতা প্রদান করবে।"

স্টেটের সিনেটর জেরেমি কুনি বলেন, "নিজেদের কষ্টার্জিত অর্থ ব্যয় করার সময় মানুষ যাতে অবগত সিদ্ধান্ত গ্রহণ করতে পারে তার জন্য মূল্য প্রকাশে স্বচ্ছতা অতি গুরুত্বপূর্ণ। ব্যবসাসমূহের জন্য ক্রেডিট কার্ড সারচার্জ প্রকাশ করা আবশ্যিক করার হলে তা ভোক্তাদের মোট মূল্য আরো ভালোভাবে বুঝতে দেয়। ভোক্তাদের সুরক্ষা প্রদানের জন্য এই বিলটি আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকল, আপনাকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "বিক্রেতাদের জন্য ক্রেডিট কার্ড সারচার্জের মূল্য স্পষ্টভাবে প্রকাশ করা আবশ্যিক করার মাধ্যমে নতুন আইনটি নিউ ইয়র্কবাসীকে লুকানো সারচার্জ থেকে সুরক্ষা প্রদান করে। এখন থেকে ক্রেডিট কার্ড সারচার্জ স্পষ্টভাবে উল্লেখ করতে হবে যাতে ভোক্তারা প্রথম থেকেই সেই ব্যাপারে অবগত থাকে এবং ঠিক মূল্য পরিশোধ করার সময় যাতে তাদের তা জানতে না হয়। এর উদ্দেশ্য হলো স্বচ্ছতা, ন্যায্যতা এবং ক্রেডিট কার্ড ব্যবহার করে ক্রয়ের সময় ভোক্তাদের বিভ্রান্ত করা প্রতিরোধ করা। নিউ ইয়র্কবাসীদের সুরক্ষা প্রদানে সাহায্য করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

আইনের ক্রেডিট কার্ড সারচার্জ নোটিশ আবশ্যিকতার মধ্যে নিম্নলিখিত অনুশীলন ও উদাহরণ রয়েছে। আরো উদাহরণের জন্য বিভাগের ক্রেডিট কার্ড সারচার্জ নির্দেশিকা নথি এবং শিক্ষামূলক ভিডিও দেখুন:

যা করতে হবে:

- ব্যবসাসমূহ কম নগদ মূল্যের পাশাপাশি উচ্চতর ক্রেডিট কার্ড মূল্য তালিকাবদ্ধ করবে।
- ব্যবসাসমূহ পণ্য ও সেবার ক্রেডিট কার্ড মূল্য তালিকাবদ্ধ করবে এবং ভোক্তাদের জানাবে যে নগদ ব্যবহার করলে তারা একটি ছাড় পাবে।
- ব্যবসাসমূহ সকল মূল্যকে ক্রেডিট কার্ড মূল্যে পরিবর্তন করবে।

যা করা যাবে না:

- ব্যবসাসমূহ দরজায় এবং রেজিস্টারে একটি সাইন পোস্ট করবে যেখানে লেখা থাকবে যে ক্রেডিট কার্ড ক্রয়ের জন্য অতিরিক্ত 3.9 শতাংশ সারচার্জ গৃহীত হবে।

- "এই ব্যবসায় সকল মূল্যের ক্ষেত্রে একটি 4 শতাংশ নগদ ছাড় প্রণোদনা রয়েছে। ক্রেডিট বা ডেবিট কার্ড দিয়ে করা কোনো ক্রয়ের ক্ষেত্রে নগদ ছাড় পাওয়া যাবে না এবং ব্যয়ের সামঞ্জস্য আপনার রিসিটে করা থাকবে।"
- ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের থেকে একটি সুবিধা ফি, সেবা ফি, প্রশাসনিক ফি, নগদ না হওয়ার সামঞ্জস্য, প্রযুক্তি ফি, প্রক্রিয়াজাতকরণ ফি ইত্যাদি গ্রহণ করা হয় এবং এটিকে গ্রাহকের রিসিট একটি পৃথক লাইন আইটেম হিসেবে যোগ করা হয়।
- কোনো বস্তুর প্রাইস ট্যাগে লেখা থাকবে যে "10.00 মার্কিন ডলার + 4 শতাংশ যদি ক্রেডিট কার্ড দিয়ে মূল্য পরিশোধ করা হয়।"

দ্রষ্টব্য: আইনটি ডেবিট কার্ডের জন্য প্রযোজ্য নয়।

কীভাবে নিজেদেরকে অন্যায্য অনুশীলন থেকে রক্ষা করতে হয় সেই ব্যাপারে ভোক্তা সুরক্ষা বিভাগ ভোক্তাদের শিক্ষামূলক সহায়তা প্রদান করে এবং একই সাথে ব্যবসা সম্প্রদায়কে আইন মান্য করতে সাহায্য করার জন্য এবং প্রতারণামূলক ও বিভ্রান্তিকর অনুশীলন প্রতিরোধ করার জন্য তাদের সংস্থান প্রদান করে। 11 ফেব্রুয়ারি, 2024 এর পর, আইনটি স্থানীয় সরকারসমূহকে এই আইন প্রণয়নের যোগদান করার অনুমতি প্রদান করবে, যা ভোক্তাদের নিয়ম মান্য করার অতিরিক্ত সংস্থান প্রদান করবে এবং স্থানীয় সরকারসমূহকে তাদের নাগরিকদের জন্য ভোক্তা সুরক্ষার প্রচার করার আরো বিস্তৃত সুযোগ প্রদান করবে। রেজিস্টারে যদি ক্রেডিট কার্ডের মূল্য সংক্রান্ত কোনো সমস্যা হয়, তাহলে DCP ভোক্তাদের যা করার জন্য উৎসাহিত করছে:

- নিউ ইয়র্ক স্টেটে কোনো মার্চেন্টের কাছে পরিশোধিত যেকোনো বাড়তি মূল্যের রিফান্ড পাওয়ার জন্য DCP এর কাছে একটি অভিযোগ দায়ের করুন, বা
- কোনো মার্চেন্ট আইনটি লঙ্ঘন করেছে বলে আপনার মনে হলে আইন প্রণয়নের জন্য অ্যাটর্নি জেনারেল বা অংশগ্রহণকারী স্থানীয় সরকারের কাছে একটি অভিযোগ দায়ের করুন।

নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা বিভাগ সম্পর্কে

নিউ ইয়র্ক স্টেট ভোক্তা সুরক্ষা বিভাগ ভোক্তাদের রিসোর্স ও শিক্ষা উপাদান প্রদান করে, এবং সেইসাথে ভোক্তা ও ব্যবসায়ের মধ্যে স্বেচ্ছামূলক মধ্যস্থতা পরিষেবা প্রদান করে। ভোক্তা সহায়তা হেল্পলাইন 1-800-697-1220, সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকাল 4:30টা পর্যন্ত উপলভ্য থাকবে, স্টেটের ছুটির দিন বাদ দিয়ে, এবং ভোক্তারা যেকোনো সময় www.dos.ny.gov/consumer-protection এ ভোক্তা অভিযোগ দায়ের করতে পারবে।

অন্যান্য ভোক্তা সুরক্ষা টিপস ও ভোক্তা সতর্কতার জন্য, ভোক্তারা DCP ওয়েবসাইট ভিজিট করতে পারেন বা DCP-কে টুইটারে @NYSConsumer বা ফেসবুকে www.facebook.com/nysconsumer এ গিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে অনুসরণ করতে পারেন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন